



## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা  
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪০১৬

১৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৭ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: অনুমোদিত গভর্নিং বডি ভেঞ্জে দেয়া প্রসঙ্গে

সূত্র: ১। নং বামাশিবো/প্রশা/৩২৮২৪১১৫৬২১১/৮৫৩৮৪/নথি নং -১৭৩ তারিখ: ২২-০১-২০২৪ খ্রিঃ

২। স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৭.২৩.৪০০৬; তারিখ ২১ মার্চ ২০২৪

৩। স্মারক নং- ৩৭.০২.৪১০০.০০১.৯৯.০১১.১৭.৩৪২; তারিখ ০৭ মে ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন ছোট খুদড়া আব্দুল হাই আলিম মাদ্রাসার গভর্নিং বডি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। জনাব মো: আব্দুল্লাহ রানা কর্তৃক দাখিলকৃত গভর্নিং গঠনে বিভিন্ন অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে অভিযোগের বিষয়ে তদন্তের জন্য জেলা শিক্ষা অফিসার, যশোর -কে সূত্রোক্ত ২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। জেলা শিক্ষা অফিসার, যশোর সূত্রোক্ত ৩ নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গভর্নিং গঠনে অনিয়মের অভিযোগ প্রমাণিত হয়েছে।

গভর্নিং গঠনে অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব প্রেরণের জন্য সভাপতি এবং মাদ্রাসা প্রধানকে পত্র দেয়া হয়। পত্রের আলোকে অধ্যক্ষ জবাব দিয়েছেন। দাখিলকৃত জবাব পর্যালোচনায় দেখা যায়, জোরপূর্বক তাকে স্বাক্ষর করতে বাধ্য করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং মাদ্রাসা প্রধানের জবাবের আলোকে অনুমোদিত গভর্নিং বডি ভেঞ্জে দেয়া হলো। মাদ্রাসা প্রধানকে বিধি মোতাবেক এডহক কমিটির আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭-০৬-২০২৪

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, ছোট খুদড়া আব্দুল হাই আলিম মাদ্রাসা, ডাকঘর: বন্দবিলা, উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৪০১৬/১(৫)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর;
- ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর;
- ৪। জনাব মো: আব্দুল্লাহ রানা (অভিযোগকারী), ডাকঘর: বান্দবিলা, উপজেলা: বাঘারপাড়া, জেলা: যশোর এবং
- ৫। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



২৭-০৬-২০২৪  
মোঃ ওমর ফারুক  
উপ রেজিস্ট্রার